বা উ বি

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# BANGLADESH OPEN UNIVERSITY

BOU

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/৪৯৯৩ তারিখ : ১৫-১১-২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মচারীদের শূন্য পদসমূহে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত জাতীয় বেতনস্কেলে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রম | পদের নাম, বিভাগ ও বেতনস্কেল | পদের সংখ্যা | | ক্রম | পদের নাম, বিভাগ ও বেতনস্কেল | পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | হিসাবরক্ষক<br>গ্রেড-১১ (টাকা ১২৫০০-৩০২৩০) | ০১টি | | ৭ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (টাকা ৯৩০০-২২৪৯০) | ০১ টি |
| ২ | লাইব্রেরী সহকারী<br>গ্রেড-১৩ (টাকা ১১০০০-২৬৫৯০) | ০২ টি | | ৮ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-১৯ (টাকা ৮৫০০-২০৫৭০) | ০৫ টি |
| ৩ | ক্লাসিফায়ার<br>গ্রেড-১৩ (টাকা ১১০০০-২৬৫৯০) | ০১ টি | | ৯ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ১০ টি |
| ৪ | প্রোডাকশন সহকারী<br>গ্রেড-১৩ (টাকা ১১০০০-২৬৫৯০) | ০১ টি | | ১০ | হেলপার ফর ডেমোনেস্ট্রেশন<br>গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ০১ টি |
| ৫ | মেক-আপ আর্টিস্ট<br>গ্রেড-১৩ (টাকা ১১০০০-২৬৫৯০) | ০১ টি | | ১১ | ফিল্ড বেয়ারার<br>গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ০১ টি |
| ৬ | লিফট মেকানিক<br>গ্রেড-১৬ (টাকা ৯৩০০-২২৪৯০) | ০১ টি | | ১২ | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০ (টাকা ৮২৫০-২০০১০) | ০২ টি |

- প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের প্রার্থিত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে : (১) লিখিত পরীক্ষা । লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (৪র্থ শ্রেণী ব্যতীত) (২) কম্পিউটার ও আইসিটি টেস্ট/প্রাকটিক্যাল টেস্ট এবং প্রাগুক্ত উভয় পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (৩) মৌখিক পরীক্ষা। কম্পিউটার চালনায় অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই। আবেদনের শেষ তারিখ : ১৭-১২-২০১৮। বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (**www.bou.edu.bd**) দেখুন।

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর- ১৭০৫।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/৪৯৯৩ তারিখ ঃ ১৫-১১-২০১৮

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মচারী নিয়োগের জন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী ঃ

| ক্র.ম | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী |
|---|---|---|---|---|---|
| ০১ | হিসাবরক্ষক | ০১ টি | গ্রেড-১১<br>টাকা ১২৫০০-৩০২৩০ | ১৮-৩০ বছর | ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ২.৫/২য় বিভাগ এবং বাণিজ্য/ব্যবসায় প্রশাসনে স্নাতক ডিগ্রীতে ২য় শ্রেণি/সিজিপিএ ২.৫।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজীতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড এবং এমএস এক্সেলে ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ০২ | লাইব্রেরী সহকারী | ০২ টি | গ্রেড-১৩<br>টাকা ১১০০০-২৬৫৯০ | ১৮-৩০ বছর | ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় এবং স্নাতক ডিগ্রীতে জিপিএ/সিজিপিএ ২.৫/২য় বিভাগ/শ্রেণি এবং গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজীতে পারদর্শিতা সহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ০৩ | ক্লাসিফায়ার | ০১ টি | গ্রেড-১৩<br>টাকা ১১০০০-২৬৫৯০ | ১৮-৩০ বছর | ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় এবং স্নাতক ডিগ্রীতে জিপিএ/সিজিপিএ ২.৫/২য় বিভাগ/শ্রেণিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজীতে পারদর্শিতা সহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ০৪ | প্রোডাকশন সহকারী | ০১ টি | গ্রেড-১৩<br>টাকা ১১০০০-২৬৫৯০ | ১৮-৩০ বছর | ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় এবং স্নাতক ডিগ্রীতে জিপিএ/সিজিপিএ ২.৫/২য় বিভাগ/শ্রেণি।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজিতে পারদর্শিতা সহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক।<br>গ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৫ | মেক-আপ আর্টিস্ট | ০১ টি | গ্রেড-১৩<br>টাকা ১১০০০-২৬৫৯০ | ১৮-৩০ বছর | কমপক্ষে জিপিএ-২.৫/দ্বিতীয় বিভাগে মাধ্যমিক পাসসহ সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে মেক-আপ আর্টিষ্ট হিসেবে কমপক্ষে ০১ বছরের অভিজ্ঞতা। |
| ০৬ | লিফট মেকানিক | ০১ টি | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ১৮-৩০ বছর | কোন শিক্ষা বোর্ড হইতে এস.এস.সি./সমমান পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.০০ পয়েন্ট উত্তীর্ণ হতে হবে। সরকার অনুমোদিত কোন ভকেশনাল ইনষ্টিটিউট হইতে লিফট মেকানিক/যান্ত্রিক ট্রেড কোর্সের সনদসহ লিফট<br>মেরামত ও রক্ষনাবেক্ষণ সংক্রান্ত কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৭ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ১৮-৩০ বছর | ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জিপিএ ২.৫/২য় বিভাগ।<br>খ) প্রার্থীর বাংলা ও ইংরেজীতে পারদর্শিতা সহ এম এস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যক।<br>গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৮ | নিরাপত্তা প্রহরী | ০৫ টি | গ্রেড-১৯<br>টাকা ৮৫০০-২০৫৭০ | ১৮-৩০ বছর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। নিরাপত্তা সংশ্লিষ্ট পদে (সকল পর্যায়ের বেতনস্কেল-এর ক্ষেত্রে প্রযোজ্য) নিয়োগের বিষয়ে সেনাবাহিনীর অথবা পুলিশ বাহিনীতে কাজ করার অভিজ্ঞতা বা আনসার-ভিডিপির প্রশিক্ষণ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ৯ | অফিস সহায়ক | ১০ টি | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০ | ১৮-৩০ বছর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস এবং সুস্বাস্থ্য ও সৎ চরিত্রের অধিকারী হতে হবে। কম্পিউটার চালনায় জ্ঞানসম্পন্ন ও পেশাগত অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১০ | হেলপার ফর ডেমোনেস্ট্রেশন | ০১ টি | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০ | ১৮-৩০ বছর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ১১ | ফিল্ড বেয়ারার | ০১ টি | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০ | ১৮-৩০ বছর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস। অডিও ভিডিও যন্ত্রপাতি পরিষ্কার-পরিচ্ছন্ন করা ও সংরক্ষণের কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১২ | পরিচ্ছন্নতাকর্মী | ০২ টি | গ্রেড-২০<br>টাকা ৮২৫০-২০০১০ | ১৮-৩০ বছর | কমপক্ষে অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ। |

**আবেদনের শর্তসমূহ**

১। আবেদনপত্রের সঙ্গে সার্টিফিকেট, মার্কশীট/গ্রেডশীট, প্রশিক্ষণ (কম্পিউটার ও অন্যান্য প্রশিক্ষণ) ও অভিজ্ঞতার সনদপত্র, জন্ম-সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও পাসপোর্ট সাইজের ২ কপি ছবিসহ ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫**" বরাবর প্রেরণ করতে হবে। উপরি-উক্ত কাগজপত্রের অনুলিপি ও প্রার্থীর ছবি সত্যায়ন করার প্রয়োজন নেই। সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০২(দুই) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

২। সরকারি বিধিমতে কোটা সংরক্ষণ করা হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।

৩। আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে "**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫**" বরাবরে প্রার্থীত পদের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।**

৪। আবেদনকারীকে **নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত** নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, ইমেইল এড্রেস (যদি থাকে), জন্ম তারিখ, ১৭-১২-২০১৮ তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, প্রাপ্ত শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ, পাসের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয়), চাকুরীর অভিজ্ঞতা (যথাঃ পদের নাম, চাকুরীকাল, নিয়োগকারী কর্তৃপক্ষের নাম-ঠিকানা) ইত্যাদি উল্লেখ করতে হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের ফরোয়ার্ডিং লেটার/অগ্রায়নসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র (প্রত্যয়ন করার প্রয়োজন নাই) সংযোজনপূর্বক **মোট ০২(দুই) সেট** আবেদনপত্র **"রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর **১৭-১২-২০১৮ তারিখের** মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে প্রেরণ করতে হবে অথবা নিজ হাতে/প্রতিনিধির মাধ্যমে রেজিস্ট্রার অফিসে জমা দিতে হবে। রেজিস্ট্রার অফিসে আবেদনপত্র সরাসরি জমা দেয়া হলে প্রাপ্তি স্বীকারপত্র দেয়া হবে। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।

৬। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত (স্থায়ী/অস্থায়ী/অনিয়মিত) প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য। বাউবিতে ১২ (বার) বা ততোধিক বছর সক্রিয় চাকুরিকাল রয়েছে এমন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সের শর্তের যে কোন একটি শিথিলযোগ্য

৭। প্রার্থীকে তার প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং কোটাভুক্ত প্রার্থীর ক্ষেত্রে খামের উপরে নির্দিষ্ট কোটার নামও লিখতে হবে।

৮। ভুয়া তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র অথবা নির্ধারিত অংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তি ব্যতীত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে বা তাকে প্রার্থিত পদে নিয়োগ দিতে বাধ্য থাকবে না।

১০। সকল পদের জন্য দূরশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত অভিজ্ঞ প্রার্থী ও অভ্যন্তরীণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১১। সকল প্রকার কর্মচারী পদের ক্ষেত্রে (৪র্থ শ্রেণী ব্যতীত) প্রার্থীর কম্পিউটার লিটারেসি (বিশেষ করে বাংলা ও ইংরেজিতে কম্পোজ করা), কম্পিউটার চালনা, সাবলিলভাবে ইন্টারনেট ব্যবহার (ই-মেইলে তথ্য আদান-প্রদানসহ) এর বাস্তব জ্ঞান ও পারদর্শিতা থাকতে হবে।

১২। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন বিভাগ/স্কুলে কর্মরত প্রার্থীর অভিজ্ঞতা অন্য যে কোন পরবর্তী পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের প্রয়োজনীয় অভিজ্ঞতা হিসেবে সমভাবে বিবেচিত হবে।

১৩। নিয়োগপ্রাপ্তদের বাসা/ফ্ল্যাটের প্রাপ্তব্যতা সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কোন কর্মচারী ক্যাম্পাসের বাইরে বসবাস করতে পারবেন না।

১৪। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের প্রার্থিত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে: (১) লিখিত পরীক্ষা (ভাষাগত ও যোগাযোগ দক্ষতাসহ প্রার্থীর সার্বিক ভাব প্রকাশের স্বরূপ নিরূপণ-এর জন্য), লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (৪র্থ শ্রেণি ব্যতীত) (২) কম্পিউটার লিটারেসি টেস্ট (মূলতঃ ইন্টারনেট ও মাইক্রোসফট অফিস স্যুট ব্যবহারের দক্ষতা নিরূপণের জন্য) এবং প্রাগুক্ত উভয় পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (৩) মৌখিক পরীক্ষা। যে কোন প্রকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

- ১৯-১১-২০১৮ তারিখে দৈনিক "জনকণ্ঠ" ও দৈনিক "আমাদের সময়" পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার শর্তাবলী এবং আবেদন করার নিয়মাবলীসহ আবেদনপত্রের ফরম সরাসরি অথবা **www.bou.edu.bd** ওয়েবসাইট থেকে অথবা ১০(দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৪.৫''×১০'' খাম প্রেরণপূর্বক রেজিস্ট্রার-এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। আবেদনকারীগণকে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে "**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫**" বরাবরে প্রার্থীত পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে গেঁথে দিতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।**
- দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে/তাঁকে প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।
- রেজিস্ট্রার বরাবর আবেদনপত্র ডাকযোগে **পৌছানোর শেষ তারিখ ১৭-১২-২০১৮।** অসম্পূর্ণ এবং উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের Forwarding Letter সহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। **খামের উপর প্রার্থিত পদের নাম উল্লেখ করতে হবে।**
- উল্লেখ্য যে, কম্পিউটার চালনায় অভিজ্ঞতা না থাকলে (৪র্থ শ্রেণি ব্যতীত) আবেদন করার প্রয়োজন নাই।

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর